**শিরোনাম ঃ অনুরোধ করলে নির্ধারিত সংখ্যক জিনিস তুলতে পারা (১-৫)।**

*কি করতে হবেঃ*

১. শিশুকে একবাক্স গোঁজ বা খোঁটা চক অথবা পুতির দানা ইত্যাদি দিন। আপনাকে একটা দেবার জন্য তাকে বলুন। তারপর তাকে জিনিসটা ফেরত দিয়ে দুইটা দিতে বলুন। এইভাবে ৫ পর্যন্ত চালিয়ে যান।



২. পর্যায়ক্রম ছাড়া জিনিসের সংখ্যা চান। যেমন প্রথমে "৩ টা পুতি" ১টা পুঁতি, ৫টা ইত্যাদি।



৩. শিশুকে ২টা রুমাল, ৫টা থালা, ৩টা কাপ ইত্যাদি দিয়ে আপনাকে সাহায্য করতে বলুন। "আমি কয়টা চেয়েছি"-- এইভাবে জিজ্ঞাসা করে শিশুকে সংখ্যাটা মনে করিয়ে দিন।

৪. শিশুকে "কিছু সংখ্যক" বিচি বাক্সে ফেলতে বা লজেন্সের টুকরা বা বিস্কুট গুনতে দিন।



৫. ১-৫ বার পর্যন্ত আপনার হাতের তালি শিশুকে শুনতে দিন। তাকে জিজ্ঞাসা করুন কতবার আপনি তালি দিয়েছেন?

৬. আপনার জন্য জিনিস তোলার সময় শিশুকে জোরে গুনতে দিন।

৭. ছোট চারকোণা কাগজ দিয়ে শুরু করুন। যদি ৩টা চান, তিনটা বের করুন এবং শিশুকে কাগজগুলো জিনিসগুলির সাথে মিলাতে দিন।

৮. শিশুকে নিজের গুনা জিনিসগুলি পরীক্ষা করতে দিন। যখন সে নির্দিষ্ট সংখ্যক জিনিস বাছাই করবে তখন তাকে বলুন " আমি তিনটা চেয়েছি। গুণ এবং দেখ তোমার কাছে তিনটা আছে কিনা?"



BANGLADESH PROTIBONDHI FOUNDATION BPF

শিরোনাম ঃ পাঁচ ধরনের বোনা কাপড়ের নাম করতে পারা।

*কি করতে হবেঃ*

১. বাড়ীতে ব্যবহৃত বিভিন্ন ধরনের বোনা কাপড়ের নাম শিশুর জন্য করুন। যদি শিশু কাপড়গুলি দেখে নাম বলতে না পারে, তাহলে তাকে সেগুলি স্পর্শ করতে দিন।

২. পাঁচ ধরনের বোনা কাপড় থলের মধ্যে রাখুন। থলেটা শিশুর কাছে সামনে ধরুন। একটি বোনা কাপড় থলের ভিতর হাত ঢুকিয়ে ধরে তা নাম বলতে বলুন এবং এরপর কাপড়টি থলে থেকে বের করে দেখতে দিন সে সঠিক বলেছে কিনা?

৩. কয়েক ধরনের বোনা কাপড় একটা বোর্ডের মধ্যে আটকান। শিশুর চোখ বেঁধে দিন এবং শিশুকে খসখসে, মসৃন ও নরম ইত্যাদি বোনা কাপড় খুজতে বলুন।

৪. কেবলমাত্র দুইধরনের বোনা কাপড় দিয়ে একই সময়ে শেখানো শুরু করুন। শুরুতে তাদের মধ্যে পার্থক্য বেশী রাখুন যেমন পশমী এবং খসখসে। যখন শিশু দুইটা বোনা কাপড় সম্বন্ধে শিখতে সক্ষম হবে তখন ক্রমান্বয়ে আরও বেশী বোনা কাপড় যোগ দিন এবং আরও কাছাকাছি ধরনের বোনা কাপড় দিন।

৫. কাঠের টুকরা ফোমে রাবার ব্যবহার করে শিশুর জন্য একটি ঘনক তৈরী করুন। ঘনকটির প্রতিপাশে বিভিন্ন ধরণের বোনা কাপড় সেঁটে দিন। এখন শিশুকে ঘনকটি বাতাসে ঘুরাতে দিন এবং উপরে যে বোনা কাপড়টি থাকবে তার নাম বলতে বলুন।

**শিরোনাম ঃ অনুরোধ করলে তিনকোণাকৃতি নকল করতে পারা।**

*কি করতে হবেঃ*

১. শিশুর হাত ধরে তিনকোণা আঁকার জন্য নির্দেশ দিন। হাতের উপর চাপ কমিয়ে দিয়ে সাহায্য করা কমিয়ে দিন।



২. আপনার আঁকা আকৃতির চারপাশে অথবা আকৃতির উপরে তাকে দাগ দিতে দিন।

৩. অসম্পূর্ণ আকৃতি এঁকে শিশুকে শেষ করতে দিন। যেমন --- L.



৪. শিশুর জোড়া দেয়ার জন্য 0 0 0 0 বিন্দু ব্যবহার করুন এবং ক্রমান্বয়ে বিন্দুগুলি হালকা 0 0 0 করুন।



৫. শিশুকে এরকম একটা তাবু বানাতে বলুন। নীচে একটা রেখা যোগ করে, সে তাবুর মেঝে তৈরী করবে। শিশু দক্ষতা অর্জন করতে থাকলে সাফল্য ও উন্নতির জন্য প্রশংসা করুন।

৬. ময়দার উপড়, বালির মধ্যে বা আঙ্গুলে রঙ লাগিয়ে আঙ্গুল দিয়ে তিনকোণা আঁকুন।

৭. চক, কালির কলম, রঙ্গীন পেন্সিল, লিপিস্টিক এবং কালির চক ব্যবহার করুন।

৮. শিশু আঁকার সময় তাকে মৌখিক ইঙ্গিত দিন।

BPF

শিরোনাম ঃ ছবি দেখে চারটা জিনিস মনে করতে পারা।

*কি করতে হবেঃ*



১. ছবির বই বা পত্রিকা থেকে শিশুকে ছবি দেখতে দিন। এরপর ছবি ঢেকে দিন এবং শিশুকে জিজ্ঞাসা করুন সে কি দেখেছে। তা আপনাকে বলার জন্য।

২. যদি শিশুর মনে করতে অসুবিধা হয়, তাহলে ইঙ্গিত দিন যেমন "এটা একটা জন্তু ছিল যা ঘেউ ঘেউ করে।"

৩. শিশুকে বস্তুনিষ্ঠ কোন জিনিষের ছবি ৩০ সেকেন্ড দেখতে দিন। এরপর ছবিটি ঢেকে রেখে শিশুকে বলতে বলুন যে, ছবির মধ্যে কোন বাড়ী, গাড়ী, বিড়াল, মানুষ, গাছ ইত্যাদি ছিল কিনা?

৪. প্রথম দিকে খুব সহজ ছবি যেমন একটা বা দুইটা জিনিস আছে এ ধরনের ছবি ব্যবহার করুন।

৫. অনেকগুলো ছবিসহ একটা কার্ড শিশুকে দেখান। তাকে সেটা ভালভাবে দেখার সুযোগ দিন। তারপর একসারি একক ছবি থেকে তকে এমন ছবিগুলো বাছাই করতে বলুন, যেগুলো আগের কার্ডের ছবিতে ছিল।



BANGLADESH PROTIBONDHI
BPF

**শিরোনাম ঃ দিনের কোন সময় কোন কাজের সঙ্গে সম্পর্কিত তা বলা।**

*কি করতে হবেঃ*

১. পরিচিত কাজের ছবি ব্যবহার করুন। যেমনঃ ঘুমানো এবং খেলা কিংবা সূর্য বা চাঁদ দিয়ে শুরু করুন।



২. তাকে জিজ্ঞাসা করুন সকালে উঠে সে কি করে, তারপর জিজ্ঞাসা করুন রাতে শুতে যাওয়ার আগে সে কি করে।

৩. বিভিন্ন কাজ বাছাই করুন, যেমন-নাস্তা খাচ্ছে, ঘুমাচ্ছে, বাবা বাসায় ফিরছেন, বাচ্চাদের অনুষ্ঠান টি-ভিতে দেখাচ্ছে এবং শিশুকে জিজ্ঞাসা করুন দিনের মধ্যে কখন এগুলো ঘটে?



৪. দৈনন্দিন কাজের ছবি আঁকুন এবং শিশুকে বলতে দিন দিনের কোন সময় এগুলো ঘটে?

BANGLADESH PROTIBONDHI FOUNDATION BPF

শিরোনাম ঃ পরিচিত ছড়া পুনরাবৃত্তি করা।

*কি করতে হবেঃ*

১. বার বার ছড়া পড়ুন এবং আপনার সাথে পংক্তি পুনরাবৃত্তি করতে শিশুকে উৎসাহিত করুন, দুইজনে একসাথে ছড়া বলুন।

২. ছড়ার অংশবিশেষ বলুন এবং তাকে শেষ করতে দিন। ক্রমান্বয়ে অল্প অল্প করে বলবেন, ---- পরিশেষে সে সম্পূর্ণ ছড়া বলবে। ছড়ার বেশী অংশ মনে রাখতে পারলে শিশুকে প্রশংসিত করুন।

৩. ছবি দেয়া শিশু ছড়ার বই ব্যবহার করুন। তাকে ছবিগুলোকে এরপর কি ঘটনা ঘটবে তার ইঙ্গিত হিসাবে ব্যবহার করতে দিন।

৪. যদি শিশু ছড়ার পরের পংক্তি ভুলে যায়; তাহলে তাকে প্রথম শব্দটি বলে সাহায্য করুন এবং তাকে শেষ করতে দিন।

৫. শিশুকে একটি ছড়া বর্ণনা করে। তিন চারটি ছবি সাজাতে বলুন এবং তারপর তাকে ছড়াটা বলতে বলুন।

৬. আপনি প্রতিটি সারির প্রথম কয়েকটি শব্দ বলুন এবং শিশুকে শেষ করতে দিন। ক্রমান্বয়ে তাকে প্রতিটি সারির আরও অংশ বলতে দিন। যতক্ষন না সে নিজে পুরোটা বলে।

BANGLADESH PROTIBONDHI FOUNDATION
BPF

**শিরোনাম ঃ জিনিস কি হালকা না ভারী বলা ($\frac{১}{২}$ কেজির কম, ১ পাউন্ড)।**

*কি করতে হবেঃ*

১. প্লাস্টিক বা টিনের কৌটা ব্যবহার করুন এবং বিভিন্ন ওজনের জিনিস দিয়ে ওগুলো ভর্তি করুন (বালি ইটের টুকরা, ঘাস, লবণ বা তেঁতুলের বিচি)। ওজন অনুসারে শিশুকে কৌটা বাছাই করতে বলুন। শিশু সুক্ষ্ম বিচার করতে পারলে তাকে প্রশংসা করুন।

২. শিশুকে দুইটা জিনিস ধরতে দিন। কোন জিনিসটা ওজনে ভারী তা তাকে বলতে বলুন। শিশুকে দাড়িপাল্লা ব্যবহার করতে শিখান যাতে সে সঠিক না ভুল বলেছে তা নির্ধারণ করতে পারে।





BPF

**শিরোনাম ঃ তিনটা জিনিসের মধ্যে থেকে একটা জিনিস সরিয়ে নিলে কোনটা নাই তা বলতে পারা।**

*কি করতে হবেঃ*

১. শিশুর সামনে টেবিলের উপর তিনটা জিনিস রাখুন। শিশুকে প্রতিটি জিনিসের নাম জিজ্ঞাসা করুন। শিশুকে চোখ বন্ধ করতে বলুন এবং একটা জিনিস টেবিল থেকে সরিয়ে ফেলুন। সরিয়ে ফেলা জিনিসটার নাম বলতে পারলে শিশুকে প্রশংসা করুন। শিশু দক্ষতা অর্জন করলে আরও জিনিস যোগ করুন।



২. প্রত্যেকদিন ব্যবহৃত জিনিস পরিবর্তন করুন।



৩. তিনটা ভিন্ন ধরনের জিনিস দিয়ে শুরু করুন।

৪. একই রঙের জিনিস দিয়ে কাজের জটিলতা বৃদ্ধি করুন।

৫. যদি শিশুর তিনটা জিনিস ব্যবহারে অসুবিধা হয় তাহলে কেবলমাত্র দুইটা জিনিস ব্যবহার করে শুরু করুন।

৬. জিনিস সরানোর আগে শিশুকে জিনিসের নাম বলতে দিন যাতে তার জিনিসের নামগুলি মনে থাকে।



BANGLADESH PROTIBONDHI FOUNDATION
BPF

**শিরোনাম ঃ আটটি রং এর নাম করতে পারা।**

*কি করতে হবেঃ*

১. শিশুকে বসার ঘর কিংবা রান্নাঘরে ব্যবহৃত, যতরকম রং এর জিনিসের নাম সে করতে পারে তা বলতে বলুন।

২. কাগজের বৃত্তাকৃতি করা রং এর নাম সঠিকভাবে বলতে পারলে তাকে পুরস্কার হিসাবে বৃত্তাকৃতিগুলো কাগজে সেটে ছবি বানাতে দিন।

৩. বিভিন্ন রং এর চারকোনা কাগজ একটি ঘরে লুকিয়ে রাখুন। শিশুকে ওগুলো খুঁজে বের করে রং এর নাম বলতে বলুন।

৪. যে রংগুলির নাম সে জানে সেগুলি দিয়ে শুরু করুন এবং সে নাম বলতে পারলে আরও নতুন রং যোগ করুন।

৫. রং এর নাম মনে রাখতে সাহায্য করার জন্য "বাড়িটা লাল, জামাটা নীল" এধরনের বাক্য ব্যবহার করুন।

৬. প্রথম দিকে শিশুকে "এটা লাল না নীল" এধরনের প্রশ্ন করে ইঙ্গিত দিন। পরে উচ্চারণের প্রথম অক্ষরটি শুধু ইঙ্গিত হিসাবে দিন।

৭. দৈনন্দিন কাজের মাধ্যমে একটা জিনিস তার রঙ অনুসারে শিশুকে খুঁজতে দিন এবং অনারম্ভর ভাবে তাকে পরীক্ষা করুন। যেমন-"তোমার নীল সাটটি পর" বা "আমাকে কমলা পেন্সিলটি দাও" অথবা "সবুজ কাপটি ব্যবহার কর।"

BANGLADESH PROTIBONDHI FOUNDATION BPF

**শিরোনাম ঃ ৫০ পয়সা, ২৫ পয়সা এবং ১০ পয়সার নাম বলতে পারা।**

*কি করতে হবেঃ*

১. সত্যিকারের পয়সা ব্যবহার করুন। শিশুর সামনে পঞ্চাশ পয়সা ও পচিশ পয়সা রাখুন এবং পঞ্চশ কোনটা তা দেখাতে বলুন। তারপর পঞ্চাশ পয়সা, পঁচিশ পয়সা ও দশ পয়সা রাখুন এবং পঁচিশ পয়সা দেখাতে বলুন। এইভাবে পুনরাবৃত্তি করুন।



২. তিনটা কাপ ব্যবহার করুন। প্রতিটি কাপের নীচে পঞ্চাশ পয়সা, পঁচিশ পয়সা ও দশ পয়সা রাখুন। শিশুকে পঁচিশ পয়সা খুঁজে আপনাকে দিতে বলুন। আপনাকে সঠিক পয়সাটা দেয়ার জন্য তাকে প্রশংসা করুন। সে প্রথমে কাপের নীচে খুঁজে না পেলেও তাকে প্রশংসা করুন।



৩. তিনটি বিভিন্ন ধরনের চকলেট টেবিলের উপর রাখুন। শিশুকে পঞ্চাশ পয়সা, পঁচিশ পয়সা ও দশ পয়সা দিন। শিশুকে বলুন যে বড় চকলেটটির দাম পঞ্চাশ পয়সা। যদি সে প্রথমবারেই চকলেটটি দেয় তাহলে তাকে চকলেটটি দিয়ে পুরস্কৃত করুন।



৪. একটি ছোট বাক্সে পঞ্চাশ পয়সা, পঁচিশ পয়সা ও দশ পয়সা রাখুন। বাক্সটি শিশুর চোখের সমান বরাবর রাখুন। তাকে বাক্সের মধ্যে হাত দিয়ে একটা পয়সা দিতে বলুন। সঠিকভাবে পয়সার নাম বলতে পারলে প্রশংসা করুন।



**বয়স ৪-৫** **বোধ বিকাশ-৭৫**

**শিরোনাম ঃ প্রতীক মিলান (অক্ষর এবং সংখ্যা)।**

*কি করতে হবেঃ*

১. টেবিলের উপর পাঁচটি অক্ষরের কার্ড শিশুর মুখের সামনে রাখুন। পাঁচটি একই রকম কার্ড আপনার হাতে ধরুন। শিশুকে একটা একটা করে কার্ড টানতে বলুন এবং সামনে টেবিলে রাখা কার্ডগুলির সঙ্গে মিলাতে বলুন।

২. অক্ষর বা সংখ্যার ধাঁধাঁ ব্যবহার করুন। শিশুকে সঠিক জায়গায় প্রতীকটা রাখতে বলুন।






BPF

৩. বেশী অমিল এমন প্রতীক দিয়ে শুরু করুন। যেমন-অ, ক, গ, চ, ক্রমান্বয়ে ওগুলো আরও জটিল করুন। যেমন-ম, য, ব, ঝ, ড।

৪. রাস্তাপারাপারের দাগ, থামার বাতি বা লালবাতি এবং টেলিফোন ইত্যাদি প্রতীক সংখ্যার সাথে যোগ দিন।



**শিরোনাম ঃ জিনিসের রং বলতে পারা।**

*কি করতে হবেঃ*

১. শিশুকে বলুন যে, পেয়ারার রঙ সবুজ, কলার রঙ হলুদ ইত্যাদি তারপর জিজ্ঞাসা করুন যে, "তুমি খাও এমন কোন জিনিসটি সবুজ? "বা কোন জিনিস সবুজ যা গাছে হয়?:"

২. "আমি ভাবছি " এই খেলাটি খেলুন। আপনি বলবেন " আমি এমন কোন জিনিসের কথা ভাবছি যা সবুজ।" শিশু তখন সবুজ জিনিসের নাম বলবে। আপনি যে জিনিসের কথা ভাবছেন তার নাম যতক্ষন পর্যন্ত বলতে না পারবে, ততক্ষন পর্যন্ত সে সবুজ জিনিসের নাম বলতেই থাকবে।

৩. শিশুকে পরিচিত জিনিসের রঙ জিজ্ঞাসা করুন। যেমন-"তোমার গাড়ির রঙ কি? তোমার জামার রঙ কি? ঘাসের রঙ কি? আমাদের বিড়াল বা গরুর রঙ কি?" শিশুকে জিনিসটি না দেখেই রঙ বলতে হবে।

BANGLADESH PROTIBONDHI FOUNDATION BPF

**শিরোনাম ঃ তিনবার শোনা ঘটনা থেকে পাঁচটা প্রধান ঘটনা বলতে পারা।**

*কি করতে হবেঃ*

১. গল্প পড়ুন, পুনরাবৃত্তি করুন এবং শিশুকে বাক্য শেষ করতে, শব্দ করতে অথবা চরিত্রের অংশ অভিনয় করতে উৎসাহিত করুন। পরে কি ঘটনা ঘটবে তা জিজ্ঞাসা করুন।



২. তাকে মনে করায় সাহায্য করতে ছবির ব্যবহার করুন। শিশু গল্পের বেশী অংশ মনে রেখে পুনরায় বলতে পারলে তাকে প্রশংসা করুন।

৩. একটা পছন্দনীয় টেলিভিশন অনুষ্ঠানে কি ঘটেছে বলতে পারলে প্রশংসা করুন।

৪. শিশুর সঙ্গে টেলিভিশন অনুষ্ঠান দেখুন। অনুষ্ঠানে কি ঘটেছে তা তাকে বলুন। তারপর তাকে গল্পের ৫ টা ঘটনা আপনার কাছে পুনরায় বলতে বলুন।

৫. ছবির সঙ্গে গল্প আছে এমন বই ব্যবহার করুন। শিশু ছবিগুলি দেখতে থাকলে তাকে গল্প বলুন। তারপর তাকে গল্পটি আপনাকে শোনাাতে বলুন এবং আপনি ছবিগুলি দেখুন। যদি শিশুর ভুল হয় তাহলে তাকেও ছবিগুলি দেখতে দিন, প্রয়োজনীয় সংশোধন করুন এবং আরও ঘটনা যোগ করুন।



৬. আপনি গল্পটি বহুবার বলার পর তা পরিবারের অন্যান্য সদস্যদের যেমন-দাদা-দাদী, ভাই-বোন কিংবা বন্ধুর কাছে বলতে উৎসাহিত করুন।

BANGLADESH PROTIBONDHI FOUNDATION BPF

**শিরোনাম ঃ একটা মানুষ আঁকতে পারা (মাথা, শরীর, হাত, পা ইত্যাদি)।**

*কি করতে হবেঃ*

১. বৃত্ত এবং রেখা ব্যবহার করুন, একটা মানুষের ছবি আঁকুন এবং আপনি প্রতিটি রেখা আঁকার পর শিশুকে আঁকতে দিন। মৌখিক ইঙ্গিত দিন।



২. সহজ মৌখিক নির্দেশনা ব্যবহার করুন, যেমন, "ভাল করে দেখ, মানুষের আর কি দরকার?"

৩. প্রথমে O দ্বারা কিভাবেমানুষ আঁকতে হয় তা শিশুকে দেখান, তারপর + এবং পরে পা যোগ করন । সে মুখের অংশ, হাত ইত্যাদিও যোগ করতে পারে।



৪. শিশুকে মাটি অথবা বড় একটা কাগজের উপর শোয়ান। তার বাইরে রেখা আঁকুন। শিশুকে চক কিংবা রুঙিন পেন্সিল দিয়ে রঙ করতে দিন। শিশু রঙ করতে থাকলে শরীরের অংশ সম্বন্ধে কথা বলুন।

BANGLADESH PROTIBONDHI FOUNDATION BPF



৫. শিশুর জন্যে মানুষের ছবির আংশিক আঁকুন এবং তাকে ছবিটি শেষ করতে দিন। নমুনা হিসাবে ব্যবহার করার জন্যে তাকে একটা সম্পূর্ণ ছবি দিন। শিশু দক্ষতা অর্জন করতে থাকলে তাকে নিজে থেকে আরও মানুষের ছবি আঁকতে দিন এবং নমুনা সরিয়ে ফেলুন।

৬. যদি শিশু শরীরের কিছু কিছু অংশ বাদ দিয়ে তাহলে তাকে ইঙ্গিত দিন। যেমন- "মানুষটার কি পা আছে? অথবা যেখানে শরীরের অংশটি হবে সেখানে নির্দেশ করুন বা দেখান এবং জিজ্ঞাসা করুন এখানে কি হবে।

৭. প্রথমে কেবলমাত্র রেখার মাধ্যমে শিশুকে মানুষ আঁকতে দিন। যখন শিশু ভালভাবে দক্ষ হবে তখন তাকে স্বাভাবিক অংকনের মানুষ আঁকতে দিন। শুরুতে রেখা অংকনের মানুষের উপর এঁকে দেখান কিভাবে মানুষকে কাপড় পড়াতে হয়।

BANGLADESH PROTIBONDHI FOUNDATION BPF

শিরোনাম ঃ পাচঁ লাইনের গান গাইতে পারা।

*কি করতে হবেঃ*

১. সম্পূর্ণ গানটা শিশুকে গেয়ে শোনান এবং কয়েকবার পুনরাবৃত্তি করুন। তারপর এক লাইন করে গান গেয়ে শোনান এবং শিশুকে আপনার সাথে লাইনটা গাইতে এবং পরে একলা গাইতে উৎসাহিত করুন। আরও লাইন যোগ করে পুনরাবৃত্তি করুন।

২. অনুশীলনের জন্য পরিচিত গানের রেকর্ড, যা শিশু নিজে বাজাতে পারবে তা ব্যবহার করা ভাল।

৩. কয়েকবার গান গাওয়ার পর, আপনি প্রতিটা লাইনের প্রথম অংশ গান এবং শিশুকে শেষ করতে দিন।

৪. শিশু যে গান পছন্দ করে যেমন- টেলিভিশনের গান, বিজ্ঞাপনের গান অথবা জনপ্রিয় গান ইত্যাদি ব্যবহার করুন।

৫. প্রথম দিকে শিশু কিছু শব্দ বাদ দিলেও শিশুকে প্রশংসা করুন। ক্রমান্বয়ে তাকে আরও কিছু শব্দ যোগ করতে দিন।

BANGLADESH PROTIBONDHI FOUNDATION BPF

**শিরোনাম ঃ অনুকরণ করে ১০টি ব্লকের পিরামিড তৈরী করতে পারা।**

*কি করতে হবেঃ*

১. আপনি ৬টি ব্লক নিন এবং শিশুকে ৬টি ব্লক দিন। আপনি ধীরে ধীরে পিরামিড তৈরী করুন এবং শিশুকে আপনার প্রতিটি চলন (কাজ) অনুকরণ করতে দিন।



২. ৬টা ছোট ব্লক নিন এবং শিশুর সামনে রাখুন। আপনি একটা পিরামিড তৈরী করে ওটা ভেঙ্গে ফেলুন এবং শিশুকে আপনার মত করে একটা তৈরী করতে বলুন। তাকে প্রশংসা করুন। প্রতিটি ব্লক কোথায় বসবে তা দেখিয়ে দিন

৩. শিশুকে ৬টা ব্লক দিন এবং আপনি ৬টা ব্লক নিন। আপনি একটা পিরামিড তৈরী করে রাখুন এবং শিশুকে ওটার মত করে একটা পিরামিড তৈরী করতে বলুন। সাফল্যের জন্য প্রশংসা করুন।



৪. ১০টা ব্লক ব্যবহার করে একই পদ্ধতি অনুসরণ করুন।

৫. শিশু যখন কাজ করবে তখন তাকে মৌখিক ইঙ্গিত দিন। বলুন "এগুলো সোজা কর।" এটা আর একটু দূরে বসবে।" ইত্যাদি।

৬. এক টুকরা কাগজের উপর পিরামিডের বাইরের রেখা আঁকুন। কাগজটি দেয়ালের গায়ে লাগান এবং শিশুকে রেখার ভিতরের জায়গাটা ব্লক দিয়ে ভরে দিয়ে পিরামিড তৈরী করতে বলুন।

শিরোনাম ঃ লম্বা ও খাটো নামকরণ করতে পারা।

*কি করতে হবেঃ*

১. পেন্সিল, আঁকা রেখা বা বিভিন্ন দৈর্ঘ্যের কাগজের ফালি বা অন্য বস্তু ব্যবহার করুন। লম্বার প্রতি নির্দেশ করুন এবং বলুন "এটা লম্বা," তারপর জিজ্ঞাসা করুন কোনটা লম্বা? পুনরায় বলুন "কোনটা লম্বা, এটা লম্বা।" তারপর শিশুকে লম্বাটা দেখতে বলুন। বস্তুর অবস্থান পরিবর্তন করুন এবং শিশুকে আবার লম্বাটা দেখতে বলুন। খাটো জিনিস নিয়েও একইভাবে শিশুকে শেখান।



২. শুরুতে খুব লম্বা এবং খুব খাটো রেখা ব্যবহার করুন। পরে শিশু দক্ষতা অর্জন করতে থাকলে ক্রমান্বয়ে পার্থক্য কমিয়ে দিন।



৩. যে বস্তুই আপনি ব্যবহার করুন না কেন, সেগুলি সারিবদ্ধভাবে করুন, যাতে দুটো একই জায়গা থেকে শুরু হয়। এরপর শিশুকে বোঝান যে, একটা লম্বা এবং একটা খাটো। যখন শিশু এটা করতে পাররে, জিনিসগুলো সারিবদ্ধ করুন এবং শিশুকে নির্দেশ করে বলতে বলুন যে, একটা লম্বা এবং একটা খাটো।